# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩২২৮

২৭/ আদব

পরিচ্ছেদঃ কোন মহিলার একাকিনী সফর করা হারাম

## আরবী

وَعَن ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللهُ عَنهُمَا : أنَّهُ سَمِعَ النبيَّ ﷺ يَقُولُ لاَ يَخْلُوَنَّ رَجُلٌ بِامْرَأَةٍ إِلاَّ وَمَعَهَا ذُو مَحْرَمٍ وَلاَ تُسَافِرُ المَرْأةُ إِلاَّ مَعَ ذِي مَحْرَمٍ فَقَالَ لَهُ رَجُلٌ : يَا رَسُوْلَ اللهِ إنَّ امْرَأتِي خَرَجَتْ حَاجَّةً وَإنِّي اكْتُتِبْتُ فِي غَزْوَةِ كَذَا وَكَذَا ؟ قَالَ انْطَلِقْ فَحُجَّ مَعَ امْرَأتِكَ متفقٌ عَلَيْهِ

## বাংলা

(৩২২৮)ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছেন যে, কোন পুরুষ যেন কোন বেগানা নারীর সঙ্গে তার সাথে এগানা পুরুষ ছাড়া অবশ্যই নির্জনতা অবলম্বন না করে। আর মাহরাম ব্যতিরেকে কোন নারী যেন সফর না করে।

এক ব্যক্তি আবেদন করল, ’হে আল্লাহর রসূল! আমার স্ত্রী হজ্জ পালন করতে বের হয়েছে। আর আমি অমুক অমুক যুদ্ধে নাম লিখিয়েছি।’ তিনি বললেন, যাও, তুমি তোমার স্ত্রীর সঙ্গে হজ্জ কর। (বুখারী ৫২৩৩, মুসলিম ১৩৪১)

## ফুটনোট

* (যার সাথে চিরতরে বিবাহ হারাম তাকে মাহরাম বা এগানা বলা হয়; তার সাথে সফর বৈধ। বাকী যার সাথে কোনও সময় বিবাহ বৈধ, তাকে গায়র মাহরাম বা বেগানা বলা হয়। তার সাথে সফর করা বৈধ নয়; এমনকি হজ্জের সফর হলেও নয়।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66976

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন